

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, যশোর
(ব্যবসা, বাণিজ্য ও বিনিয়োগ শাখা)
www.jessore.gov.bd

অত্যাৱশ্যকীয় দ্রব্যাদির লাইসেন্স নবায়নের সময়সীমা বৃদ্ধির বিজ্ঞপ্তি

যশোর জেলার যে সকল ব্যবসায়ীগণ তাদের লৌহ ও ইস্পাতজাত দ্রব্য, সিমেন্ট, কাপড় (পাইকারী ও খুচরা), সুতা (পাইকারী ও খুচরা), জুয়েলারী (ডিলিং) কারিগরী (স্বর্ণ), মিল্কফুড, সিগারেট (পাইকারী) বিক্রয় লাইসেন্স নবায়নের আবেদনপত্র ৩১ মে ২০২৪ খ্রি. তারিখের মধ্যে দাখিল করতে পারেননি, সে সকল ব্যবসায়ীগণকে জানানো যাচ্ছে যে, অত্যাৱশ্যকীয় দ্রব্য নিয়ন্ত্রণ আদেশ ১৯৮১ এর ২২ (৯) ধারার ক্ষমতাবলে আমি মোহাম্মদ আবরাউল হাছান মজুমদার, জেলা প্রশাসক, যশোর উল্লিখিত দ্রব্যাদি বিক্রয়ের ডিলিং লাইসেন্স নবায়নের আবেদনপত্র বিধি মোতাবেক দাখিল করার মেয়াদ ৩১ জুলাই, ২০২৪ খ্রিষ্টাব্দ তারিখ পর্যন্ত বর্ধিত করলাম।

স্বাক্ষরিত/-

মোহাম্মদ আবরাউল হাছান মজুমদার
জেলা প্রশাসক
যশোর।

ফোন: ০২৪৭৭৭-৬২৬৫২


ই-মেইল: dcjessore@mopa.gov.bd

স্মারক নং- ০৫.৪৪.৪১০০.০০৯.০১.০০১.২৪-৫৫(৫)

তারিখ: ২৭ আষাঢ়, ১৪৩১ বঙ্গাব্দ
০১ জুলাই, ২০২৪ খ্রিষ্টাব্দ

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো।

- ১। নিয়ন্ত্রক, সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা। তাকে বিজ্ঞপ্তিটি বাংলাদেশ গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
- ২। উপজেলা নির্বাহী অফিসার, সদর/ঝিকরগাছা/চৌগাছা, শার্শা/মনিরামপুর/কেশবপুর/অভয়নগর/বাহারপাড়া/ যশোর তাকে পৌর মেয়র/ ইউপি চেয়ারম্যানের মাধ্যমে ব্যাপক প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
- ৩। সিনিয়র তথ্য অফিসার, যশোর। তাকে ০৮ (আট) উপজেলায় ব্যাপক প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
- ৪। সিনিয়র কৃষি বিপণন কর্মকর্তা, যশোর।
- ৫। প্রশাসক, চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রিজ, যশোর/ সভাপতি, প্রেস ক্লাব, যশোর।
- ৬। সম্পাদক, দৈনিক গ্রামের কাগজ, যশোর। তাকে স্বল্প পরিসর স্থানে বিজ্ঞপ্তিটি ০১ (এক) দিনের জন্য প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।


জেলা প্রশাসক
যশোর।